Bengali / বাংলা

# আপনার অফিসিয়াল গাইড

## 2025 সালের ফেডারেল নির্বাচনে

**শনিবার 3 মে 2025**

**ভোট দেয়া বাধ্যতামূলক**

18 বছর বা তদূর্ধ্ব বয়সী অস্ট্রেলিয়ানদের জন্য




## আপনার ভোট অস্ট্রেলিয়াকে গড়তে সাহায্য করবে

# ভারপ্রাপ্ত নির্বাচন কমিশনারের **বাণী**

এই নির্দেশিকাটিতে তথ্যের উৎসগুলি কীভাবে পরীক্ষা করবেন এবং কীভাবে আপনার ভোটের গ্রহণযোগ্যতা নিশ্চিত করবেন, সে সম্পর্কে পরামর্শ রয়েছে, ভোটকেন্দ্রে যা যা হয় সে সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে।

নির্বাচনের দিন সারা দেশে আমাদের নির্বাচন কেন্দ্রগুলো খোলা থাকবে, এবং সেই সাথে ভোট দেয়ার অন্যান্য ব্যবস্থা থাকবে যাতে করে কমিউনিটি তাদের সিদ্ধান্ত জানাতে পারে।

আপনি নিশ্চিত থাকতে পারেন যে, আমরা **সততার** সাথে একটি নির্বাচন প্রক্রিয়ার ব্যবস্থা করছি, যার মাধ্যমে আমরা এই প্রক্রিয়ার প্রতিটি ধাপে আপনার ভোটের সুরক্ষা করছি – আপনার ব্যালট পেপার ছাপানো থেকে শুরু করে গণনা পর্যন্ত।

নির্বাচনী প্রচারণার একটি অংশ হল বিভিন্ন ধরনের তথ্যের জোরদার আদানপ্রদান, এবং আমি আপনাকে আপনার প্রাপ্ত সকল তথ্য সাবধানতার সাথে বিবেচনা করার জন্য উৎসাহিত করছি, তবে বিশেষ করে সেইসব, যা আমাদের সুপ্রতিষ্ঠিত নির্বাচন প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করে।

**নিজেকেই জিজ্ঞাসা করুন, তথ্যটি নির্ভরযোগ্য এবং স্বীকৃত উৎস থেকে এসেছে কি না।** যদি উত্তর না হয়, তাহলে আমি সতর্ক থাকার জন্য পরামর্শ দিচ্ছি।

আপনি যখন কোনো ভোটকেন্দ্রে যাবেন, তখন অনুগ্রহ করে মনে রাখবেন যে, আমাদের কর্মীরা হলেন সাধারণ অস্ট্রেলিয়ান, যারা আপনাকে ভোটদান প্রক্রিয়ায় সাহায্য করার জন্য প্রস্তুত রয়েছেন।

এই নির্বাচনে আপনি কীভাবে আপনি আপনার পছন্দের প্রারথিকে ভোট দেবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য **aec.gov.au** ওয়েবসাইটটি দেখুন।

**Jeff Pope**
ভারপ্রাপ্ত নির্বাচন কমিশনার

ভোটার তালিকায় **97%** এরও বেশি যোগ্য ভোটার

**7,000+** বেশী নির্বাচন কেন্দ্র

**500+** অগ্রিম ভোট কেন্দ্র

**100,000+** অস্থায়ী নির্বাচন কর্মী

# থামুন এবং ভেবে দেখুন
## এই ফেডারেল নির্বাচনে তথ্যের উৎস যাচাই করে নিন

নির্বাচনের সময় আপনার ভোটকে প্রভাবিত করার জন্য তৈরি বিপুল পরিমাণে তথ্য প্রচার করা হয়।

বিভিন্ন উৎস থেকে আসা তথ্য গণতান্ত্রিক প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ। এর মাধ্যমে প্রার্থী, রাজনৈতিক দল এবং অন্যান্যরা ভোটারদের সাথে তাদের নীতিমালা এবং দৃষ্টিভঙ্গির আদানপ্রদান করার সুযোগ দেয়।




তবে, কিছু কিছু তথ্য উদ্দেশ্যপ্রণোদিতভাবেই মিথ্যা কিংবা বিভ্রান্তিকর হতে পারে। ফেডারেল নির্বাচন সম্পর্কে আপনি কী শুনছেন, পড়ছেন অথবা দেখছেন তা সতর্কতার সাথে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

সময় নিয়ে ভেবে দেখুন তথ্যটিঃ

- এই তথ্য **কোথা** থেকে এসেছে? এটি কি কোন বিশ্বাসযোগ্য মাধ্যমে কিংবা অফিসিয়াল কোন সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট থেকে এসেছে?
- তথ্যটি **কবে** প্রকাশিত হয়েছিল? পুরনো তথ্য, যা আর সঠিক নয়, এমন তথ্য এমনভাবে প্রচার করা হতে পারে যে দেখে নতুন বলে মনে হয়।
- আপনি যদি নিশ্চিত না হন, তাহলে **যাচাই** করে নিন। কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ভোট প্রক্রিয়ার সম্পর্কে মিথ্যা তথ্য তৈরিকে সহজতর করে তুলেছে।

যদি আপনি ফেডারেল নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে এমন কিছু দেখতে পান যা সম্পর্কে আপনি নিশ্চিত নন, তাহলে AEC-কে জিজ্ঞাসা করুন। সামাজিক মাধ্যম এবং অনলাইনে প্রকাশিত তথ্যের ক্ষেত্রে এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। বিস্তারিত তথ্য এবং সহায়ক পরামর্শসহ ছোট ছোট ভিডিও দেখার জন্য **aec.gov.au/stopandconsider** ওয়েবসাইট দেখুন।

# নির্বাচন হবে শনিবার 3 মে 2025

## ভোট কেন্দ্রগুলো খুলবে সকাল ৮টায় এবং বন্ধ হবে ঠিক সন্ধ্যা ৬টায়।

ফেডারেল নির্বাচন অনুষ্ঠিত হয়, যাতে করে ভোটারগণ প্রতিনিধি পরিষদে এবং সিনেটে তাদের মতামত ও স্বার্থের প্রতিনিধিত্ব করার জন্য সংসদ সদস্য বেছে নিতে পারেন। এখানে ভোটদান সম্পর্কিত কিছু তথ্য রয়েছে যেগুলো আপনার জানা দরকার।

### কে ভোট দেবে?

18 বছর এবং তদূর্ধ্ব বয়সের সকল অস্ট্রেলিয়ান নাগরিকদের ভোটার তালিকায় যুক্ত হয়ে ফেডারেল নির্বাচনগুলোতে ভোট দিতে হবে।

### আমি কোথায় ভোট দিতে পারব?

আপনি আপনার রাজ্য কিংবা টেরিটরিতে যেকোনো ভোট কেন্দ্রে গিয়ে নির্বাচনের দিন ভোট দিতে পারেন। ভোট কেন্দ্রগুলো সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে।

ভোট কেন্দ্রগুলো সাধারণতঃ স্থানীয় স্কুল, চার্চ, কমিউনিটি হল, কিংবা সরকারি ভবনগুলোতে অবস্থিত।

আপনার নিকটস্থ ভোট কেন্দ্র খুঁজে বের করতে **aec.gov.au/where** ওয়েবসাইট দেখুন।

### আমার যদি সহযোগিতার প্রয়োজন হয়?

আপনি যদি চলাচলে অক্ষম অথবা প্রতিবন্ধী হন, কিংবা এই ধরনের কোনো ব্যক্তির পরিচর্যা করেন, তাহলে **aec.gov.au/where** ওয়েবসাইটে ভোট কেন্দ্রগুলোতে প্রবেশ সংক্রান্ত তথ্য দেখে নিতে পারেন।

অন্ধ কিংবা স্বল্পদৃষ্টি সম্পন্ন লোকদের জন্য, ভোট দেয়ার বিকল্প ব্যবস্থা রয়েছে, যা কাজে আসতে পারে। **aec.gov.au/assistance** ওয়েবসাইটটি দেখুন অথবা **13 23 26** নম্বরে কল করুন।



### আমি যদি অন্য কোনো রাজ্যে বা টেরিটরিতে থাকি?

নির্বাচনের দিন যদি আপনি অন্য কোনো রাজ্যে থাকেন তাহলে আপনি ঐ রাজ্যের নির্ধারিত কোনো আন্তরাজ্য ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারেন, অথবা অগ্রিম ভোট দেয়ার ব্যবস্থাগুলো বিবেচনা করতে পারেন।

### আমি যদি নির্বাচনের দিন কেন্দ্রে যেতে না পারি?

আপনি যদি নির্বাচনের দিন আপনার রাজ্য কিংবা টেরিটোরিতে কোনো ভোট কেন্দ্রে যেতে না পারেন, তাহলে আপনি সশরীরে অথবা ডাকযোগে অগ্রিম ভোট দেয়ার জন্য যোগ্য হতে পারেন।

#### কীভাবে সশরীরে অগ্রিম ভোট দিতে হয়

আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি নির্বাচনের আগে ভোট দিতে পারেন। অগ্রিম ভোট কেন্দ্রগুলো **মঙ্গলবার 22 এপ্রিল 2025** থেকে খোলা থাকবে। খোলার সময় এবং তারিখ ভিন্ন ভিন্ন হয়, তাই প্রত্যেক কেন্দ্রের বিস্তারিত তথ্যের জন্য **aec.gov.au/where** ওয়েবসাইট দেখুন।

অগ্রিম ভোট এবং আপনি এর জন্য যোগ্য কি না সে সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য **aec.gov.au/early** ওয়েবসাইট দেখুন অথবা **13 23 26** নম্বরে কল করুন।

#### ডাকযোগে কীভাবে অগ্রিম ভোট দিতে হয়

যোগ্য ভোটারদের জন্য ডাকযোগে অগ্রিম ভোট দেয়ার ব্যবস্থা আছে। আপনি ডাকযোগে অগ্রিম ভোট দিতে পারবেন কি না তা দেখার জন্য, এবং অনলাইনে আবেদন করতে **aec.gov.au/pva** ওয়েবসাইট দেখুন।

আবেদনপত্র অবশ্যই **বুধবার 30 এপ্রিল 2025 সন্ধ্যা ৬টার** আগেই AECতে পৌঁছাতে হবে।

আপনার যদি ইন্টারনেট ব্যবহারের সুযোগ না থাকে, এবং ডাকযোগে ভোট দেয়ার জন্য আবেদন করতে চান, তাহলে **13 23 26** নম্বরে কল করুন।

আপনি কোনও রাজনৈতিক দল বা অন্য কোনও সংস্থার কাছ থেকে ডাকযোগে ভোটের আবেদনপত্র পেতে পারেন। তৃতীয় পক্ষগুলো এই আবেদনপত্র বাড়ির ঠিকানায় পাঠাতে পারে, তবে আপনাকে সেগুলি ব্যবহার করতে হবে না। আপনি সরাসরি AEC-তে ডাকযোগে ভোট প্যাকের জন্য আবেদন করতে পারেন।

### আমি কোন্ নির্বাচনী এলাকায় আছি?

আপনি কোন্ নির্বাচনী এলাকায় বসবাস করেন তা **aec.gov.au/electorate** ওয়েবসাইট থেকে দেখতে পারেন।

গত ফেডারেল নির্বাচনের পরে পুনর্বিন্যাসের কারণে আপনার নির্বাচনী এলাকার নাম কিংবা সীমানা পরিবর্তিত হয়ে থাকতে পারে। এর অর্থ হল আপনাকে ভিন্ন কোনো এলাকায় ভোট দিতে হতে পারে, অথবা আপনার নিয়মিত ভোট কেন্দ্র ভিন্ন কোনো নির্বাচনী এলাকায় হয়ে থাকতে পারে।

### আপনি কাকে ভোট দেবেন সেটি আপনার সিদ্ধান্ত

আপনি কীভাবে ভোট দেবেন সেটি আপনার সিদ্ধান্ত। ভোট কেন্দ্রের বাইরে, প্রার্থীদের প্রতিনিধিরা আপনাকে ‘ভোট দেয়ার নিয়ম-কানুন’ সম্বলিত কার্ড দিয়ে আপনাকে নির্দিষ্ট কোনোভাবে ভোট দেয়ার জন্য পরামর্শ দিতে পারে। আপনাকে ঐসব ‘ভোট দেয়ার নিয়ম-কানুন’ সম্বলিত কার্ড গ্রহণ অথবা সেগুলো অনুসরণ করতে হবে না।

আপনার অন্য কোনো প্রশ্ন আছে?
তাহলে **aec.gov.au/faqs** দেখুন।

# নির্বাচনী **কেন্দ্রে কী হয়?**

যখন আপনি কোনও ভোটকেন্দ্রে পৌঁছাবেন, তখন একজন নির্বাচন কর্মী আপনার পুরো নাম এবং ঠিকানা জিজ্ঞাসা করবেন, এবং আপনি ২০২৫ সালের নির্বাচনে এর আগে ভোট দিয়েছেন কিনা তা জিজ্ঞাসা করবেন।

- নির্বাচনী তালিকা থেকে আপনার নাম কেটে দেয়া হবে
- আপনাকে হাউজ অব রিপ্রেজেনটেটিভ এর জন্য একটি ব্যালট পেপার এবং সিনেট এর জন্য একটি ব্যালট পেপার দেয়া হবে
- সঠিকভাবে পূরণের জন্য আপনার ব্যালট পেপারের নির্দেশাবলীগুলো অনুসরণ করুন অথবা একজন নির্বাচন কর্মীর সাহায্য চেয়ে নিন
- ব্যালট পেপার পূরণ করা হয়ে গেলে, সেগুলোকে ব্যালট বাক্সে ফেলে দিন।
- আপনি যদি AECএর কোন পেনসিল ব্যবহার করে থাকেন, তাহলে বেরিয়ে যাওয়ার আগে সেটিকে বাক্সে ফেলে দিন।

যথাযথ পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য উৎসাহিত করা হয় এবং হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করা হবে।

**আপনাকে সাহায্য করার জন্য আমাদের কর্মীরা সেখানে থাকবেন।**
অনুগ্রহ করে তাদের প্রতি শ্রদ্ধাশীল হন।





# কীভাবে আপনি আপনার ভোটটির **গণনা নিশ্চিত করবেন?**

নির্বাচনের দিন আপনাকে দুটি ব্যালট পেপার দেয়া হবে, একটি হল ছোট সবুজ রঙের যা হাউস অব রিপ্রেজেন্টেটিভের জন্য, এবং একটি বড় সাদা রঙের, যা সিনেটের জন্য। **আপনাকে অবশ্যই দুটো ব্যালট পেপারই সম্পূর্ণভাবে পূরণ করতে হবে।** সবুজ ব্যালট পেপারের উপর আপনি হাউস অব রিপ্রেজেন্টেটিভে আপনার স্থানীয় এলাকা কিংবা নির্বাচনী এলাকার প্রতিনিধিকে ভোট দিচ্ছেন। সাদা রঙের ব্যালট পেপারে আপনি সিনেটে আপনার রাজ্য কিংবা টেরিটরির প্রতিনিধিকে ভোট দিচ্ছেন।

## হাউস অব রিপ্রেজেন্টেটিভ

সবুজ ব্যালট পেপারে আপনার পছন্দ অনুযায়ী **প্রতিটি বাক্সে নম্বর দিন।** আপনার প্রথম পছন্দের প্রার্থীর জন্য বাক্সে '1' নম্বরটি লিখুন, আপনার দ্বিতীয় পছন্দের জন্য '2' নম্বরটি লিখুন এবং যতক্ষণ না আপনি সমস্ত বাক্সে নম্বর লিখছেন ততক্ষণ পর্যন্ত এটি করুন।




নমুনা ব্যালট পেপার

আপনি কি জানেন আপনি AEC ওয়েবসাইটে ভোট দেয়া প্রাকটিস করতে পারেন? **aec.gov.au/practise** ওয়েবসাইটটি দেখুন।

## সিনেট


সাদা ব্যালট পেপারে আপনি দুভাবে ভোট দিতে পারবেনঃ

**একভাবে হল**

### লাইনের উপরে

আপনি যদি লাইনের উপরে ভোট দিতে চান, তাহলে আপনাকে **অন্তত ৬ টি বাক্সে নম্বর দিতে হবে।**

আপনার প্রথম পছন্দের পার্টি কিংবা গ্রুপের জন্য বাক্সে ‘1’ নম্বরটি লিখুন, এরপর দ্বিতীয় পছন্দের জন্য ‘2’ এবং এভাবে আপনি অন্ততঃ ৬টি বাক্স পূরণ করুন। আপনার পছন্দের ক্রম অনুসারে আপনি লাইনের উপরে যতটি ইচ্ছা ততটি বাক্সে নম্বর বসাতে পারেন।





নমুনা ব্যালট পেপার

**অথবা**

### লাইনের নিচে

আপনি যদি লাইনের নিচে ভোট দিতে চান, তাহলে আপনাকে আপনার পছন্দের ক্রম অনুসারে আলাদা আলাদাভাবে প্রতি প্রার্থীর জন্য, 1 থেকে 12 পর্যন্ত **অন্ততঃ ১২ টি বাক্সে নম্বর দিতে হবে।** আপনার পছন্দের ক্রম অনুসারে আপনি লাইনের নিচে যতটি ইচ্ছা ততটি বাক্সে নম্বর বসাতে পারেন।




নমুনা ব্যালট পেপার

**ভুল হলে চিন্তা করবেন না।**
আপনি আরেকটি ব্যালট পেপার চেয়ে নিয়ে আবার পূরণ করতে পারেন।

# আপনার অফিসিয়াল গাইড শনিবার দিন মাস 2025

## শনিবার 3 মে 2025

# এই নির্দেশিকার বিকল্প সংস্করণ

### সহজগম্য তথ্য

অন্ধ বা কম দৃষ্টিশক্তিসম্পন্ন ভোটারদের জন্য, এই অফিসিয়াল নির্দেশিকাটি AEC ওয়েবসাইটে বড় অক্ষরে, ই-টেক্সট এবং **aec.gov.au/assistance** ওয়েবসাইটে অডিও ফাইল আকারে পাওয়া যাবে।

ব্রেইলসহ এই ফরম্যাটগুলি **13 23 26** নম্বরে ফোন করেও পাওয়া যেতে পারে।

আপনি যদি বধির হন অথবা শ্রবণশক্তি কম হয়, তাহলে ন্যাশনাল রিলে সার্ভিসের (NRS) মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন। আপনার পছন্দমতো কল চ্যানেল ব্যবহার করুন এবং NRS কে আমাদের নম্বর **13 23 26** দিন।

অজল্যান দোভাষী পরিষেবাও পাওয়া যাবে। বিস্তারিত তথ্যের জন্য AEC এর ওয়েবসাইট দেখুন।




### অন্যান্য ভাষায় তথ্য

এই নির্দেশিকার ৩৪ ভাষায় অনুদিত সংস্করণ **aec.gov.au/translated** ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

টেলিফোনেও দোভাষী সেবা পাওয়া যাবে। বাংলায় ভোট প্রদান এবং নির্বাচন সম্পর্কিত আরও তথ্যের জন্য **1300 720 153** নম্বরে কল করুন।

18 বছর এবং তদূর্ধ্ব বয়সের সকল অস্ট্রেলিয়ান নাগরিকের জন্য ভোট দেয়া বাধ্যতামূলক। আপনি যদি ভোট না দেন, তাহলে আপনাকে দণ্ড দেয়া হতে পারে। একাধিকবার ভোট দেয়া একটি ফৌজদারি অপরাধ।

24-2017

**aec.gov.au** 13 23 26

AEC Australian Electoral Commission

নির্বাচন কমিশনার, 10 মর্ট স্ট্রিট, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত
Authorised by the Electoral Commissioner, 10 Mort Street, Canberra